

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.২৫.০০১.১৯- ৩৩৬

তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.
১৫ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ


বিষয়: ৯৭তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) হতে অব্যাহতি প্রসংগে।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৫৪, তারিখ: ২২/০২/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ এবং এর কাজের পরিধিও ব্যাপক। জাতীয় বাজেট বরাদ্দের তালিকায় এটি অন্যতম বিভাগ। অর্থ বিভাগের বাজেট সংক্রান্ত নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২২-২৩ হতে ২০২৩-২৪ অর্থ বছরের প্রক্ষেপণ প্রদান করার কার্যক্রম চলছে। আগামী এপ্রিল, ২০২১ পর্যন্ত বাজেট প্রণয়ন কার্যক্রম অব্যাহত থাকবে। এ সময়ের মধ্যে বাজেট অধিশাখা হতে ০৪-০৬টি বাজেট ব্যবস্থাপনা কমিটি/বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠান, জেন্ডার বাজেট, শিশু বাজেট, মঞ্জুরি ও বরাদ্দ দাবীসমূহ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন, জাতীয় সংসদে মাননীয় অর্থমন্ত্রীর ভাষণের সংশ্লিষ্ট অংশ প্রত্যুত্তরসহ চলতি অর্থবছরের বাজেট বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। এ বিভাগের যুগ্মসচিব ড. মোঃ এনামুল হক (পরিচিতি নং-৬২৯৪), এ বিভাগের বাজেট অধিশাখায় দায়িত্ব পালন করছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২.০২.২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৫৪ সংখ্যক স্মারকে তাকে ৯৭তম সিনিয়র স্টাফ কোর্সে (এসএসসি) অংশগ্রহণের মনোনয়ন প্রদান করা হয়। এ মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে কোনোকালীন দুর্যোগ এবং মধ্যমেয়াদী বাজেট প্রণয়ন কার্যক্রমের সময়ে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করা হলে উল্লিখিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা দুর্বল হয়ে পড়বে। বাজেটের কাজে অভিজ্ঞতাসম্পন্ন ড. মোঃ এনামুল হক, যুগ্মসচিব (পরিচিতি নং-৬২৯৪), স্বাস্থ্য সেবা বিভাগের বাজেট সংক্রান্ত বর্ণিত কাজগুলো উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে সম্পাদন করছেন। এ মুহূর্তে বর্ণিত কর্মকর্তাকে অবসুক্ত করা হলে চলমান কাজের গতি মন্থর হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, এ বিভাগের যুগ্মসচিব ড. মোঃ এনামুল হক (পরিচিতি নং-৬২৯৪)-কে ৯৭তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) হতে অব্যাহতি প্রদানপূর্বক পরবর্তী কোন কোর্সে মনোনয়ন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মোতাহের হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃ.আ:-উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. মোঃ এনামুল হক, যুগ্মসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।